



রেজিস্ট্রারের কার্যালয় বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd



স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/ভলি-২/১৪০/২০২০/১৪৫২

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
৩১ মে ২০২০ খ্রিস্টাব্দ

নোটিস

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯; ২৮/০৫/২০২০ তারিখ এর ১০ নং শর্তের ভাষ্য অনুযায়ী বরিশাল বিশ্ববিদ্যালয় আগামি ১৫ জুন ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। তবে বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮; তারিখ ২৮/০৫/২০২০ এর নির্দেশনা মোতাবেক স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান সীমিত পরিসরে খোলার নির্দেশনা অনুযায়ী বরিশাল বিশ্ববিদ্যালয়ের অতিপ্রয়োজনীয় ও আবশ্যিকীয় অফিসসমূহ ৩ জুন ২০২০ তারিখ থেকে নিম্ন বর্ণনা মোতাবেক খোলা হবে।

- ১। অতিপ্রয়োজনীয় ও আবশ্যিকীয় অফিসসমূহ (ভাইস-চ্যান্সেলরের অফিস, রেজিস্ট্রারের কার্যালয়, অর্থ ও হিসাব শাখা, প্রকৌশল শাখা, মেডিকেল সেন্টার ও পরিবহন পুল) দপ্তর প্রধানের নির্দেশনা মোতাবেক ন্যূনতম জনবল নিয়ে রোস্টার প্রণয়ন পূর্বক চালু থাকবে।
- ২। অফিস চলাকালীন সকলকে মাস্ক পরা সহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ৩। অন্তঃসত্ত্বা মহিলাগণ এবং সর্দি-কাশি-জ্বরসহ অন্যান্যভাবে গুরুতর অসুস্থ ব্যক্তি অফিসপ্রধানগণকে অবহিত করে অফিসে আসা থেকে বিরত থাকবেন।
- ৪। প্রয়োজনীয় পরিবহণের বিষয়ে পরিবহণ পুল ম্যানেজার ব্যবস্থা গ্রহণ করবেন।
- এ অবস্থা পরবর্তী নির্দেশ জারির পূর্ব পর্যন্ত বলবৎ থাকবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(প্রফেসর ড. মো. মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৭। পিএ কাম কম্পিউটার অপারেটর, ট্রেজারারের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। নোটিস বোর্ডসমূহ।
- ৯। সংশ্লিষ্ট নথি।
- ১০। মহানথি।